

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রতিষ্ঠান শাখা-২
www.rdc.gov.bd

স্মারক নং-৪৭.০২৩.০২৩.০০.০০.১০৮.২০১৩-১২৩

১৬ বৈশাখ, ১৪২০ বঙ্গাব্দ।
তারিখঃ -----
২৯ এপ্রিল, ২০১৪ খ্রিস্টাব্দ।

পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

২০১৩ সালের জাতীয় পল্লী উন্নয়ন পদক প্রদানের জন্য নিম্নলিখিত পদক সরবরাহের লক্ষ্যে সুপ্রতিষ্ঠিত ও সুখ্যাতি সম্পন্ন জুয়েলারী/স্বর্ণ-রৌপ্য ব্যবসায়ী/স্বর্ণকার এর নিকট থেকে সীলমোহরকৃত খামে পুনঃ দরপত্র আহবান করা যাচ্ছে।

- ক) স্বর্ণ পদক (খাঁটি সোনা)ঃ ২২ ক্যারেট মানের ১১(এগার)টি স্বর্ণ পদক (একটি স্বর্ণ পদক সরবরাহকারী প্রতিষ্ঠানকে পরবর্তীতে ফেরত প্রদান করা হবে) প্রতিটি ১০(দশ) গ্রাম ওজন বিশিষ্ট।
- খ) শর্তাবলী :
- ১। প্রতিটি পদক পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক নির্ধারিত নমুনা অনুযায়ী শোভন আকারে (কাসকেট) বাক্সে (নমুনা নিম্নস্বাক্ষরকারীর নিকট হতে অনুমোদন করিয়ে নিতে হবে) সরবরাহ করতে হবে।
 - ২। অগ্রহী প্রতিষ্ঠানকে আগামী ১৪-০৫-২০১৪ খ্রিঃ তারিখ অপরাহ্ন ০২.০০ ঘটিকার মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ৬১৯ নং কক্ষের সম্মুখে (ভবন নং-৭, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) রক্ষিত টেন্ডার বাক্সে সীলমোহরকৃত দরপত্র জমা দিতে হবে। ঐ দিনই বেলা ০২.৩০ মিনিটে উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। কোন অবস্থাতেই নির্ধারিত তারিখ ও সময় এর পর কোন দরপত্র গৃহীত হবে না।
 - ৩। কার্যাদেশ দেয়ার ১৫(পনের) দিনের মধ্যে পদকসমূহ সরবরাহ করতে হবে।
 - ৪। নির্ধারিত দরদাতাকে কার্যাদেশ পাওয়ার ০৩(তিন) দিনের মধ্যে নমুনা পদক (স্পেসিফিকেশন মোতাবেক) দাখিল করতে হবে এবং অনুমোদিত হলে তার কার্যাদেশ নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে নিশ্চিত করা হবে।
 - ৫। পদকের স্পেসিফিকেশন ও ডিজাইন নিম্নস্বাক্ষরকারীর অফিসে রাখা হবে।
 - ৬। পদকের গায়ে নমুনা মোতাবেক পল্লী উন্নয়নের মিনা করতে হবে।
 - ৭। প্রত্যেক দরপত্রের সাথে উল্লিখিত উদ্ধৃত দরের ৩% ভাগ (ফেরত যোগ্য) আর্নেস্টম্যানি/পে-অর্ডার অথবা ব্যাংক ড্রাফট-এর আকারে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অনুকূলে জমা দিতে হবে।
 - ৮। স্বর্ণ পদকগুলো ২২ ক্যারেট মানের ও প্রতিটি ১০(দশ) গ্রাম ওজনের পদক এ মর্মে সরবরাহকারী কর্তৃক প্রত্যয়ন করতে হবে।
 - ৯। পদকসমূহের মান যাচাই করার জন্য পরমাণুশক্তি কেন্দ্রে রাসায়নিক উপায়ে খাঁটিত্ব ও ওজন পরীক্ষা করা হবে।
 - ১০। পরমাণুশক্তি কেন্দ্রে রাসায়নিক উপায়ে পদকের খাঁটিত্ব পরীক্ষা ও ওজন পরিমাপের জন্য পরমাণুশক্তি কেন্দ্রে কে দেয় ফি এবং প্রয়োজন হলে পুনঃ পরীক্ষার ফি (পরমাণুশক্তি কেন্দ্রে কর্তৃক নির্ধারিত) সংশ্লিষ্ট সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে (উল্লেখ্য, পরমাণুশক্তি কেন্দ্রে দ্বারা ১১(এগার)টি (একটি স্বর্ণ পদক সরবরাহকারী প্রতিষ্ঠানকে পরবর্তীতে ফেরত প্রদান করা হবে) স্বর্ণ পদক পরীক্ষা করানো হবে)।
 - ১১। পদক সরবরাহকারী প্রতিষ্ঠানকে এ মর্মে প্রত্যয়ন পত্র প্রদান করে অঙ্গীকার করতে হবে যে, যদি কোন পদকপ্রাপ্ত ব্যক্তি কোন সময় উক্ত পদক বিক্রি করতে চান তাহলে তাকে সে দিনের প্রচলিত বাজার দর মোতাবেক স্বর্ণের মূল্য প্রদান করতে তারা বাধ্য থাকবেন।
 - ১২। কোন কারণে কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠান যদি নির্ধারিত সময়ের ভেতর পদক সরবরাহ করতে ব্যর্থ হয় বা দেবী করে অথবা পদকের খাঁটিত্ব পরীক্ষায় ভেজাল প্রমাণিত হয়, তাহলে বিধি মোতাবেক প্রতিষ্ঠানটির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হবে- যেমন কার্যাদেশ বাতিল, আর্নেস্টম্যানি বাজেয়াপ্ত করা, প্রতিষ্ঠানটিকে ব্ল্যাকলিস্টকরণ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগকে উপযুক্ত ক্ষতিপূরণ প্রদান ইত্যাদি।
 - ১৩। পদকের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।
 - ১৪। পুনঃ দরপত্র দলিলাদি বিক্রয়কারী অফিসের নাম ও ঠিকানা (পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, প্রতিষ্ঠান শাখা-২, ভবন নং-৭, ৭ম তলা, কক্ষ নং-৬১৯, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, ফোনঃ ৯৫৬৩২১১)
 - ১৫। দরপত্র দলিল বিক্রির শেষ তারিখ ও সময় (১১-৫-২০১৪ সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত)।
 - ১৬। দরপত্র সিডিউল বিক্রয় মূল্য ৫০০/= (পাঁচশত) টাকা।
 - ১৭। কর্তৃপক্ষ কোন কারণ উল্লেখ ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(এম, এ, মান্নান হাওলাদার) ০৪
যুগ্ম-সচিব (আইন ও প্রতিষ্ঠান) ০৪